

ইউএস-বাংলার ফ্লাইটে পাওয়ার ব্যাংক ব্যবহার নিষিদ্ধ

- A Monitor Desk Report

Date: 24 March, 2025



ঢাকাঃ দেশের বৃহত্তম বেসরকারি এয়ারলাইন্স ইউএস-বাংলা এয়ারলাইন্স তাদের ফ্লাইট চলাকালীন সময়ে পোর্টেবল পাওয়ার ব্যাংক ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। এয়ারলাইন্সটি বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্মে পোস্টের মাধ্যমে যাত্রীদের এ বিধিনিষেধ সম্পর্কে জানিয়েছে।

নতুন নির্দেশনা অনুযায়ী, যাত্রীরা ফ্লাইট চলাকালীন সময়ে বিমানের ইউএসবি পোর্ট ব্যবহার করে পাওয়ার ব্যাংক চার্জ দিতে পারবেন না, পাশাপাশি পাওয়ার ব্যাংক ব্যবহার করে অন্য কোনো ডিভাইসও চার্জ করা যাবে না। সাম্প্রতিক সময়ে পাওয়ার ব্যাংকের কারণে ক্যাবিনে অগ্নিকাণ্ডের ঘটনা বৃদ্ধি পাওয়ায় দেশি-বিদেশি বিভিন্ন এয়ারলাইন্সের নীতির সাথে মিল রেখে এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে লিথিয়াম-আয়ন ব্যাটারির ত্রুটিজনিত কারণে অতিরিক্ত তাপ উৎপন্ন হওয়া এবং কিছু ক্ষেত্রে আগুন ধরে যাওয়ার ঘটনায় বিমান চলাচলের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বেড়েছে। এই ঝুঁকি কমাতে বিশ্বব্যাপী অনেক এয়ারলাইন্স ফ্লাইট চলাকালীন পাওয়ার ব্যাংক ব্যবহারের ওপর কঠোর নির্দেশিকা জারি করেছে।

তবে অন্যান্য এয়ারলাইন্সের মতো ইউএস-বাংলা এয়ারলাইন্স পাওয়ার ব্যাংক বহনের ব্যাপারে সুস্পষ্ট নির্দেশনা দেয়নি। শুধুমাত্র ফ্লাইট চলাকালীন ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করলেও এটি হাতব্যাগ বা চেক-ইন লাগেজে বহন করা যাবে কিনা সে বিষয়ে কোনো তথ্য প্রকাশ করা হয়নি।

ভ্রমণের পূর্বে যাত্রীদের সর্বশেষ নিরাপত্তা নির্দেশিকা সম্পর্কে এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হচ্ছে, যাতে বিমানবন্দরে কোনো ধরনের অসুবিধার সম্মুখীন না হতে হয়। বৈশ্বিকভাবে এয়ারলাইন্সগুলো যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং ইলেকট্রনিক ডিভাইস সংশ্লিষ্ট ঝুঁকি মোকাবিলা করতে তাদের নীতিমালা উন্নত করছে।

